# ৪৪তম বিসিএস (লিখিত) পরীক্ষা

চক্রবাক

বিষয় কোড : ০০১

(কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য)

পূর্ণমান : ১০০

নির্ধারিত সময় : ৩ ঘণ্টা

[দ্রষ্টব্য : বাংলা ভাষায় উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

নম্বর

১. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন : ৬ × ৫ = ৩০

ক. উৎস অনুসারে বাংলা ভাষার শব্দসম্ভারকে কয়ভাগে ভাগ করা হয়েছে? উদাহরণসহ আলোচনা করুন।

খ. উদাহরণসহ ষত্ব ও ণত্ব বিধি আলোচনা করুন।

গ. বানান শুদ্ধ করে লিখুন :
সাতন্ত্র; ফটোষ্টেট; স্বত্ত্বাধিকারী; মুমুর্ষ; জাতিয়করন; উচ্চকাংখা।

ঘ. নিচের বাগ্‌ধারা ও প্রবাদ-প্রবচন ব্যবহার করে অর্থপূর্ণ বাক্যগঠন করুন :
আটকপালে; এক মাঘে শীত যায় না; কুলকাঠের আগুন; আঠারো মাসে বছর; অজগরবৃত্তি; নয়ছয়।

ঙ. নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন :

১. গফুর জবাব দিল না। (অস্তিবাচক বাক্য)

২. যারা কীর্তিমান, তাদের মৃত্যু নেই। (সরল বাক্য)

৩. জগতে অসম্ভব বলে কিছু নেই। (জটিল বাক্য)

৪. তার বয়স হলেও বুদ্ধি হয়নি। (যৌগিক বাক্য)

৫. এতে তার দোষ কী? (নেতিবাচক বাক্য)

৬. ত্যাগের মহিমা বড় অপূর্ব। (বিস্ময়বোধক বাক্য)

২. ক. ভাব-সম্প্রসারণ করুন : ২০

স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

অথবা,

খ. স্বার্থমগ্ন যেজন বিমুখ বৃহৎ জগৎ হতে,
সে কখনো শেখেনি বাঁচিতে।

৩. সারমর্ম লিখুন : ২০

হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন,—
তা সবে, (অবোধ আমি!) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।
কাটাইনু বহুদিন সুখ পরিহরি!
অনিদ্রায়, নিরাহারে সঁপি কায়, মনঃ,
মজিনু বিফল তপে অরেণ্যে বরি,
কেলিনু শৈবালে; ভুলি কমল-কানন!
স্বপ্নে তব কুললক্ষ্মী কয়ে দিলা পরে—

"ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি
এ ভিখারী-দশা তবে কেন তোর আজি?
যা ফিরি, অজ্ঞান তুই, যা রে ফিরি ঘরে!"
পালিলাম আজ্ঞা সুখে; পাইলাম কালে
মাতৃভাষা-রূপ খনি, পূর্ণ মণিজালে।

অথবা

খ. বাল্যকাল হইতেই আমাদের শিক্ষার সহিত আনন্দ নাই। কেবল যাহা কিছু নিতন্ত আবশ্যক, তাহাই কণ্ঠস্থ করিতেছি। তেমন করিয়া কোনো মতে কাজ চলে মাত্র; কিন্তু বিকাশ লাভ হয় না। হাওয়া খাইলে পেট ভরে না, আহার করিলে পেট ভরে। কিন্তু আহারটি রীতিমতো হজম করিবার জন্য হাওয়া খাওয়া দরকার। তেমনি একটি শিক্ষা পুস্তককে রীতিমতো হজম করিতে অনেক পাঠ্যপুস্তকের সাহায্য আবশ্যক। আনন্দের সহিত পড়িতে পড়িতে পড়িবার শক্তি অলক্ষিতভাবে বৃদ্ধি পাইতে থাকে। গ্রহণশক্তি, ধারণশক্তি, চিন্তাশক্তি বেশ সহজে এবং স্বাভাবিক নিয়মে বল লাভ করে।

৪. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন : ৩ × ১০ = ৩০

ক. বাংলা সাহিত্যের যুগবিভাগ সম্পর্কে আলোকপাত করুন।
খ. চর্যাপদ রচয়িতাদের মধ্যে একজন বাঙালি চর্যাকারের পরিচয় দিন।
গ. বিদ্যাপতি ও চণ্ডীদাসের মৌলিক পার্থক্যসমূহ উল্লেখ করুন।
ঘ. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পাণ্ডুলিপি কে, কখন এবং কোথা থেকে উদ্ধার করেছিলেন?
ঙ. রোমান্টিক প্রণয়োপাখ্যানের বৈশিষ্ট্যগুলো লিখুন।
চ. মীর মশাররফ হোসেন রচিত প্রধান তিনটি গ্রন্থের নাম লিখুন।
ছ. 'অগ্নিবীণা' কাব্যের তিনটি বৈশিষ্ট্য উদাহরণসহ উল্লেখ করুন।
জ. লেখকের নামসহ মুক্তিযুদ্ধবিষয়ক তিনটি ছোটগল্পের নাম লিখুন।
ঝ. 'কপালকুণ্ডলা' উপন্যাস অবলম্বনে কপালকুণ্ডলার রূপের বর্ণনা দিন।
ঞ. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'বলাকা' কাব্যের বিশেষত্ব লিখুন।

চক্রবাক

বিষয় কোড : ০০২

('সাধারণ' এবং 'সাধারণ ও কারিগরি/পেশাগত' ক্যাডারের জন্য)

পূর্ণমান : ২০০

নির্ধারিত সময় : ৪ ঘণ্টা

[দ্রষ্টব্য : বাংলা ভাষায় উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

নম্বর

১. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন : ৬ × ৫ = ৩০

ক. অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা যায়? উদাহরণসহ আলোচনা করুন।
খ. নিচের বানানগুলোর শুদ্ধরূপ লিখুন :
কথপোকথোন; জ্বাজ্জল্যমাণ; রেজিস্ট্রেশন; গর্ধর; ব্যাক্তিত্ব; নিশিথিনি।
গ. কোন কোন বৈশিষ্ট্যের উপর বাক্যের সার্থকতা নির্ভর করে তা ব্যাখ্যা করুন।
ঘ. নিচের বাগ্‌ধারা ও প্রবাদ-প্রবচনগুলো ব্যবহার করে অর্থপূর্ণ বাক্য গঠন করুন :

কেউকেটা; ঘরের শত্রু বিভীষণ; গো-মূর্খ; গড্ডলিকা প্রবাহ; জলে কুমির ডাঙায় বাঘ; সাক্ষী গোপাল।

ঙ. শব্দগঠন কী? বাংলা ভাষায় শব্দগঠনের পাঁচটি প্রক্রিয়া উদাহরণসহ লিখুন।

২. ক. ভাব-সম্প্রসারণ করুন : ২০

জন্ম হোক যথা তথা, কর্ম হোক ভালো।

অথবা,

খ. এই হৃদয়ের চেয়ে বড় কোনো মন্দির কাবা নাই।

৩. সারমর্ম লিখুন : ২০

ক. আঠারো বছর বয়সে আঘাত আসে
অবিশ্রান্ত; একে একে হয় জড়ো,
এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে
এ বয়স কাঁপে বেদনায় থরোথরো।
তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি,
এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে,
বিপদের মুখে এ বয়স অগ্রণী
এ বয়স তবু নতুন কিছু তো করে।

অথবা,

খ. নীরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান গেয়ে শোনায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্মের মানেও তাই। প্রকৃতির যে ধর্ম, মানুষের সে ধর্ম; পার্থক্য কেবল তরুলতা ও জীবজন্তুর বৃদ্ধির উপর তাদের নিজেদের কোনো হাত নেই, মানুষের বৃদ্ধির উপরে তার নিজের হাত রয়েছে। আর, এখানেই মানুষের মর্যাদা। মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও। মানুষকে আত্মা সৃষ্টি করতে হয়, তা তৈরি পাওয়া যায় না। সুখ-দুঃখ-বেদনা উপলব্ধির ফলে অন্তরের যে পরিপক্বতা, তাই তো আত্মা।

৪. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন : ৩ × ১০ = ৩০

ক. চর্যাপদ কবে, কোথায় এবং কে আবিষ্কার করেন?

খ. মহাকাব্যের তিনটি প্রধান বৈশিষ্ট্য লিখুন।

গ. কবি বিহারীলাল চক্রবর্তীর বিশেষত্ব নিরূপণ করুন।

ঘ. 'মেঘনাদবধ' কাব্যের নায়ক কে এবং কেন?

ঙ. বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের গুরুত্ব কতখানি?

চ. কাজী নজরুল ইসলামের 'রিক্তের বেদন', 'যুগবাণী' ও 'চক্রবাক' কী জাতীয় গ্রন্থ?

ছ. নাট্যকার মুনীর চৌধুরীর পরিচয় দিন।

জ. নারী জাগরণে বেগম রোকেয়ার অবদান আলোচনা করুন।

ঝ. উপন্যাসের নাম উল্লেখ করে সৈয়দ ওয়ালীউল্লাহর স্বাতন্ত্র্য নিরূপণ করুন।

ঞ. রবীন্দ্রনাথ ঠাকুরের ভ্রমণকাহিনিভিত্তিক তিনটি গ্রন্থের নাম লিখুন।

৫. বাংলায় অনুবাদ করুন : ১৫

The aim of education is to make a man fully fit for himself and the society. It means to develop the whole man, his body, mind and soul. It is education which aims at providing a child with opportunities so that it can bring to

light its all latent qualities. An educated man should be gentle, polite, thoughtful, creative, kind, respectful, sympathetic and co-operative. So, all of us should try our best to be educated and to serve humanity and the state.

৬. করোনাকালে শিক্ষাব্যবস্থার ক্ষতি প্রসঙ্গে শিক্ষক-শিক্ষার্থীর মধ্যকার একটি কাল্পনিক সংলাপ রচনা করুন। ১৫

৭. ক. বাংলাদেশের ছাত্ররাজনীতির গৌরবোজ্জ্বল ইতিহাস ব্যাখ্যা করে এর ইতিবাচকতা প্রসঙ্গে প্রবাসী বন্ধুকে একটি পত্র লিখুন। ১৫

অথবা

খ. সিলেটের বন্যাপরিস্থিতির অবনতির কারণে বন্যার্তদের সাহায্য প্রদান প্রসঙ্গে যথাযথ কর্তৃপক্ষের নিকট একটি আবেদনপত্র লিখুন।

৮. মুক্তিযুদ্ধভিত্তিক যে-কোনো একটি গ্রন্থের সমালোচনা লিপিবদ্ধ করুন। ১৫

৯. যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন : ৪০

ক. মুক্তিযুদ্ধ ও ঢাকা বিশ্ববিদ্যালয়

খ. বাংলাদেশের কৃষির যান্ত্রিকীকরণ

গ. দ্রব্যমূল্য বৃদ্ধি ও তার প্রতিকার

ঘ. রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও বিশ্বপরিস্থিতি

ঙ. পদ্মা সেতু : বাঙালির গর্ব, বাঙালির অহংকার